



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১২ জুলাই ২০১২

প্রেস বিজ্ঞপ্তি

### বাঘাইছড়িতে সন্ত্রাস্ত্রের সন্ত্রাসীর গুলিতে এক ইউপিডিএফ সদস্য আহত

রাঙামাটির বাঘাইছড়িতে সন্ত্রাস্ত্রের ভাড়াটিয়া সন্ত্রাসীর গুলিতে এক ইউপিডিএফ সদস্য আহত হয়েছে। তার নাম দয়া কুমার চাকমা ওরফে স্মৃতি (৪১) পিতা নিরঞ্জন চাকমা, গ্রাম গলাচিপা, সার্বোত্তলী ইউনিয়ন। আজ ১২ জুলাই ২০১২ বৃহস্পতিবার বিকাল ৫:৪৫টার সময় বাবু পাড়ার জীবঙ্গছড়া বৌদ্ধ বিহারের সামনে দোকানের পাশে এ ঘটনা ঘটে।

ঘটনার বিবরণে জানা যায়, সাগর চাকমা(২৫) পিতা কামিনী রঞ্জন চাকমা নামে এক ব্যক্তি স্মৃতি চাকমার কাছে এসে জানায় সে সারাদিন ভাত খায়নি, তাই তার কিছু টাকা দরকার। সে নিজেকে ইউপিডিএফ সমর্থক বলেও দাবি করে। তার কথায় বিশ্বাস করে স্মৃতি চাকমা ভাত খাওয়ার জন্য তাকে একশত টাকা দেয়। কিন্তু লোকটি এরপরও চলে না গিয়ে ঘুরে ঘুরে থাকলে সন্দেহ হওয়ায় তাকে চার্জ করতে গেলে সে স্মৃতি চাকমাকে লক্ষ্য করে গুলি করে এবং দ্রুত মোটর সাইকেলে করে হাজি পাড়া হয়ে উপজেলা পরিষদের পাশের রাস্তা দিয়ে পালিয়ে যায়। ঐ সন্ত্রাসীর ছোড়া গুলিতে স্মৃতি চাকমা আহত হয়। তার দুই পাছায় গুলিবিদ্ধ হয়েছে বলে জানা গেছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর বাঘাইছড়ি উপজেলা ইউনিটের প্রধান সংগঠক সমশান্তি চাকমা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, সরকারের দালাল সন্ত্রাস্ত্র লারমা জনগণের আন্দোলন ধ্বংসের জন্য একের পর এক হামলা, খুন, অপহরণসহ সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। কোন কিছুতে কুলিয়ে উঠতে না পেরে বর্তমানে ভাড়াটিয়া সন্ত্রাসীদের দিয়ে চোরাগোস্তা হামলার আশ্রয় নিয়েছে। তিনি সন্ত্রাস্ত্র লারমার সন্ত্রাসীদের বিরুদ্ধে গণ প্রতিরোধ গড়ে তোলার জন্য আপামর জনগণের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট